

শেখ হাসিনার নির্দেশ  
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বন অধিদপ্তর  
প্রধান বন সংরক্ষকের কার্যালয়  
বন ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

অফিস আদেশ নং-৩/২০২৩

তারিখ: ০৩/০৫/২০২৩ খ্রি:

অফিস আদেশ

বিষয়ঃ “চারা মজুদ, বিক্রয় ও বিতরণ প্রক্রিয়া সহজিকরণ” শীর্ষক কার্যক্রমটি বাস্তবায়ন।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের সেবা পদ্ধতি সহজিকরণের অগ্রগতি ও বাস্তবায়ন পরিকল্পনা বিষয়ক ৪৩ সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সচিবালয় নির্দেশমালা-২০১৪; অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ তে সেবা সহজিকরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এবং উদ্বাবনী কর্মপরিকল্পনায় সেবা সহজিকরণ কার্যক্রম অন্তর্ভুক্ত করা হয়েছে।

চারা মজুদ, বিক্রয় ও বিতরণ বন অধিদপ্তরের একটি আবশ্যিক কার্যক্রম। এ কার্যক্রমটি বন অধিদপ্তরের আওতাধীন প্রতিটি নার্সারিতে বাস্তবায়িত হয়। নার্সারিতে উৎপাদিত চারার মজুদ, বিক্রয় ও বিতরণ সংক্রান্ত প্রতিবেদন প্রতিমাসে প্রণয়নপূর্বক বিভিন্ন কর্মকর্তার মাধ্যমে প্রধান বন সংরক্ষকের দপ্তরে প্রেরণ করা হয়। এতদসংক্রান্ত অভ্যন্তরীন সেবা সহজিকরণের লক্ষ্যে চারা মজুদ, বিক্রয় ও বিতরণ ওয়েব লিংক এবং মোবাইল এ্যপস তৈরী করা হয়েছে। এতে প্রতিটি নার্সারির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রতিদিনই প্রজাতিভিত্তিক চারা মজুদ, বিক্রয় ও বিতরণ এর সংক্রান্ত প্রতিটি তথ্যই আপলোড করতে পারবেন এবং প্রধান বন সংরক্ষকের দপ্তর তাৎক্ষনিকভাবে প্রতিবেদনটি দেখতে পারবেন। ফলশ্রুতিতে কার্যক্রমটিতে স্বচ্ছতা পরিলক্ষিত হবে। অপরদিকে ওয়েব লিংক এবং মোবাইল এ্যপস ব্যবহারের ফলে সময় এবং অর্থের সাশ্রয় হবে।

উক্ত সহজিকরণ কার্যক্রমটি সফলভাবে সম্পাদনের জন্য রিমস ইউনিটের সাথে যোগাযোগপূর্বক তথ্যাদি প্রেরণের জন্য সকল বিভাগীয় বন কর্মকর্তাকে অনুরোধ করা হলো।

(মোঃ আমীর হোসাইন চৌধুরী)

প্রধান বন সংরক্ষক (চাঁদামি)

ফোন: ৫৫০০৭১৪২

ই-মেইল: ccf-fd@bforest.gov.bd

স্মারক নং- ২২.০১.০০০০.০০২.০৪৭.২০২২.২৬২

তারিখ: ০৩/০৫/২০২৩ খ্রি:

কার্যালয়ে বিতরণঃ

১. উপ-প্রধান বন সংরক্ষক (সকল) .....
২. বন সংরক্ষক (সকল) .....
৩. বিভাগীয় বন কর্মকর্তা(সকল) .....
৪. গার্ড ফাইল।

সদয় জ্ঞাতার্থেঃ

১। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মোঃ আমীর হোসাইন চৌধুরী)


প্রধান বন সংরক্ষক (চাঁদামি)

ফোন: ৫৫০০৭১৪২।



## অভ্যন্তরীন সেবা

বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপিং



ধাপ-৭  
সম্পৃক্ত জনগণ-৫ জন।  
সময়- ২৮ দিন।  
বায়-৩০০/-

P- বিট কর্মকর্তা/ উপজেলা ফরেস্টার  
T- ১০ দিন

P- বিট কর্মকর্তা/ উপজেলা ফরেস্টার  
T- ০৮ দিন

P- বিট কর্মকর্তা/ উপজেলা ফরেস্টার  
T- ০২ দিন, C-৫০/-

P- রেঞ্জ কর্মকর্তা  
T- ০৩ দিন, C-১০০/-

P- সহকারী বন সংরক্ষক  
T- ০৩ দিন

P - বিভাগীয় বন কর্মকর্তা  
T- ০৩ দিন, C-১৫০/-

P- উপবন সংরক্ষক  
T- ০৩ দিন।



প্রস্তাবিত পদ্ধতির প্রসেস ম্যাপঃ

শুরু



বিট কর্মকর্তা কর্তৃক উত্তোলিত চারার মজুদ, বিক্রয় ও বিতরণের তালিকা নার্সারি সংক্রান্ত ওয়েব লিংক/ মোবাইল এ্যপসেস আপলোডকরণসহ রেঞ্জ কর্মকর্তার নিকট প্রেরণ, রেঞ্জ কর্মকর্তা কর্তৃক যাচাইপূর্বক সহকারী বন সংরক্ষকের নিকট প্রেরণ, সহকারী বন সংরক্ষক কর্তৃক যাচাইয়াত্তে বিভাগীয় বন কর্মকর্তার নিকট প্রেরণ, বিভাগীয় বন কর্মকর্তা কর্তৃক অনুমোদন এবং প্রধান বন সংরক্ষক মহোদয়কে অবহিতকরণ।

ধাপ-১

সম্পূর্ণ জনগণ-৫ জন।

সময়- ১ দিন।

P- বিভাগীয় বন কর্মকর্তা, উপবন সংরক্ষক,  
সহকারী বন সংরক্ষক, রেঞ্জ কর্মকর্তা এবং  
বিট কর্মকর্তা/ উপজেলা ফরেস্টার

T- ১দিন

শেষ

